# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ০৯/১১/২০২৩ খ্রি:।
সময়: দুপুর ১১:৩০ ঘটিকা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।
৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ১২/১০/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, শীতের আবহাওয়া শুরু হয়েছে। শীতকালে গ্রামাঞ্চলে খেজুর গাছের রস পান করা হয়। তিনি জানান, শীতকালে খেজুর গাছের রসে বিভিন্ন পাখির দ্বারা নিপা ভাইরাস ছড়িয়ে পড়ে। ফলে খেজুর গাছের রস পান করলে বিভিন্ন ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যু পর্যন্ত হতে পারে। তিনি এ বিষয়ে সকলকে সচেতন থাকার অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | নিপা ভাইরাস বিষয়ে সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান, রবি/২০২৩-২৪ মৌসুমে প্রনোদনা কর্মসূচির আওতায় সরিষা ফসলের ৪০০০ বিঘা জমির উপকরণ বিতরণ কার্যক্রম মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব মনোরঞ্জন শীল গোপাল মহোদয়ের মাধ্যমে শুভ উদ্বোধন করা হয় এবং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি জানান, রোপা আমন ফসলের বর্তমান অবস্থা ভাল। তবে আগাম উফসী জাতের ও হাইব্রিড ধানের কর্তন চলছে। লক্ষ্যমাত্রার চেয়ে ফলন বেশি পাওয়া যাচ্ছে।<br>তিনি জানান, রবি/২০২৩-২৪ মৌসুমে সরিষা, ভুট্টা, আগাম আলু ও শাক সবজি আবাদ শুরু হয়েছে। আবহাওয়া ভাল থাকলে রবি/২০২৩-২৪ মৌসুমে বিভিন্ন ফসলের লক্ষ্যমাত্রা অর্জি হবে।<br>বর্তমানে ইউরিয়া ও নন-ইউরিয়া সারের মজুদ স্বাভাবিক। তবে | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| | এমওপি সারের বরাদ্দ চাহিদার তুলনায় কম বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | | |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার এর প্রতিনিধি ভেটেরিনারী সার্জন সভায় জানান, গবাদিপশুর খুরা ও লাম্পি রোগ বিষয়ে সচেতনতা কার্যক্রম চলমান রয়েছে।<br>তিনি জানান, কাহারোল উপজেলায় বিভিন্ন এনজিও'র মাধ্যমে জনগণের আর্থ সামাজিক উন্নয়নের জন্য গবাদি পশু বিতরণ করা হচ্ছে। এক্ষেত্রে উপজেলা প্রাণিসম্পদ বিভাগ কর্তৃক গবাদিপশুর স্বাস্থ্যগত সনদ গ্রহণপূর্বক গবাদিপশু বিতরণের প্রয়োজন রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিস্তারিত আলোচনা বিভিন্ন এনজিও কর্তৃক গবাদিপশু বিতরণের ক্ষেত্রে উপজেলা প্রাণি সম্পদ দপ্তর হতে গবাদিপশুর স্বাস্থ্যগত সনদ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হলো। | ১) উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>২) সংশ্লিষ্ট সকল এনজিও |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, মৎস্য সংরক্ষণ আইন অনুযায়ী প্রতি বছর ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত মোট ৮ মাস, জাটকা (যা ১০ ইঞ্চি বা ২৫ সেন্টিমিটার এর নিচে ইলিশ) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ। এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>এছাড়া এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী দাপ্তরিক কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদ ও এলজিইডি-এর আোতায় উন্নয়নমূলক কাজ সুষ্ঠুভাবে চলছে। তিনি সভায় জানান, কাহারোল উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ভগ্নপ্রায় হওয়ায় নতুন সীমানা প্রাচীর ও ফটক এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য ফটকসহ ১,১৪,০৩,৪৫২/- (এক কোটি চৌদ্দ লক্ষ তিন হাজার চারশত বায়ান্ন) টাকা সভায় অনুমোদিত হলে স্কিমটি সদয় অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করা যেতে পারে।<br>তিনি সভায় আরও জানান যে, কাহারোল মুক্তিযুদ্ধ স্মৃতি জাদুঘর নির্মিতব্য স্থানে ১টি বৈদ্যুতিক খুঁটি বিদ্যমান থাকায় ভবনের কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। ফলে বৈদ্যুতিক খুঁটিটি অপসারণ করা প্রয়োজন। সভায় অনুমোদিত হলে সহকারী ব্যবস্থাপক, সাব-জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি-১, কাহারোল, দিনাজপুর এর মাধ্যমে অপসারণ করা যেতে পারে।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | সভায় সর্বসম্মতিক্রমে কাহারোল উপজেলা পরিষদের সীমানা প্রাচীর ও ফটক এর প্রাক্কলন সদয় অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। একই সাথে বৈদ্যুতিক খুঁটি অতিসত্তর অপসারণের জন্য সহকারী ব্যবস্থাপক, সাব-জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | (১) উপজেলা প্রকৌশলী<br>(২) সহকারী ব্যবস্থাপক, সাব-জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ, কাহারোল, দিনাজপুর |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, শিক্ষা বিভাগের ৩য় প্রান্তিক মূল্যায়ন আগামী ১৯-৩০ নভেম্বর হবে। শিক্ষার্থীদেরকে পরীক্ষার ফি দিতে হবে না। উপবৃত্তি অনেকেই পেয়েছে। যৌথ কার্যক্রম শুরু হবে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, এসএসসি, ২০২৪ সালের উপজেলার বিদ্যালয়সমূহের ফরম ফিল-আপ চলমান, ৮ম ও ৯ম শ্রেণীর কারিকুলামের উপর মাস্টার ট্রেইনারের জেলায় ট্রেইনিং চলমান। এ বর্ষের ডিসেম্বর মাসে প্রতিটি বিদ্যালয়ের ট্রেনিং কার্যক্রম শুরু হবে। ০৯/১১/২০২৩ তারিখ হতে প্রতিটি স্কুলের পরীক্ষা শুরু হয়েছে। ২০২৪ সালের নতুন বই ধারাবাহিকভাবে আসতেছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, আগামী ১১/১১/২০২৩ তারিখে ইজিপিপি প্রকল্প বিধি মোতাবেক শুরু করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>কাবিখা/ কাবিটা/ টি.আর (২য় পর্যায়) সাধারণ প্রকল্পের বিভাজন ও প্রকল্প তালিকা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, রসুলপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে HED কর্তৃক নতুন সীমানা প্রাচীর নির্মাণ সম্পন্ন হয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার এর প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় অগ্রগতির পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, জরাজীর্ণ ভবন থেকে উপজেলা পরিষদের ভিতরে যে কোন জায়গায় তার অফিসের স্থান স্থানান্তর করার জন্য সভাপতি বরাবরে অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | জরাজীর্ণ ভবন থেকে অন্যত্র অফিস স্থানান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, চলতি মাসে টিসিবি পণ্য ও খাদ্য বন্টন কর্মসূচি অত্র খাদ্য বিভাগ হতে বিতরণ সম্পন্ন হয়েছে। আসন্ন আমন ধান সংগ্রহ/২০২৩-২০২৪ অভিযান শুরু হবে। কৃষকের নিকট হতে ধান সংগ্রহের জন্য কৃষি বিভাগ হতে হালনাগাদ কৃষক তালিকা প্রণয়ন/ তৈরী করা প্রয়োজন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে কাহারোল উপজেলায় ৭৫টি লট টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর কার্যালয়ে দাখিল করা যায়।<br>তিনি বিস্তারিত আলোচনায় জানান, ৪নং তারগাঁও ইউনিয়ন ও ৫নং সুন্দরপুর ইউনিয়নের অন্তর্গত সামাজিক বনায়নে কর্তনকৃত বাগানে উপকারভোগী সদস্যগণের আবেদন সাপেক্ষে লভ্যাংশ দেওয়া হবে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোন সভায় জানান, বিভিন্ন সরকারি অফিসের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। এছাড়াও বর্তমানে লাইনের ঝুঁকিপূর্ণ গাছপালা কর্তনের কাজ চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোনকে অনুরোধ করা হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, পাট ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ; আমন ফসলের পূর্বাভাস জরিপ (অংশ- | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ | উপজেলা পরিসংখ্যান |

<table>
<tr><td>অফিস</td><td>২); অ-প্রধান ফসলের প্রাক্কলিত হিসাব জরিপ ও মাসিক কৃষি মজুরী জরিপের কাজ চলমান রয়েছে।<br>তিনি জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।</td><td>করা হয়।</td><td>অফিসার</td></tr>
<tr><td>২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP)</td></tr>
<tr><td>২৮। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর</td><td>কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়।</td><td>কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর।</td></tr>
<tr><td>২৯। তথ্যসেবা কেন্দ্র</td><td>তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা</td></tr>
<tr><td>৩০। ইসলামিক ফাউন্ডেশন</td><td>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন।</td><td>প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়।</td><td>ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন</td></tr>
<tr><td>৩১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স</td><td>ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হয় নাই।</td><td>উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়।</td><td>ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স</td></tr>
<tr><td>৩২। উপজেলা পাট অফিস</td><td>উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই।</td><td>বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>বিবিধ-০১</td><td><u>উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মাসিক ব্যয়ঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১২/১০/২০২৩ হতে ০৮/১১/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ব্যয় হয়েছে। তা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০১</td><td>১২-১০-২০২৩-বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক পত্রালাপ, স্টেশনরোড, দিনাজপুরকে ২০২২-২০২৩ (এডিপির) বার্ষিক উন্নয়ন কর্মসূচির পত্রিকার (ইঞ্জিনিয়ার অফিসের) বিলের ব্যয় বাবদ প্রদান</td><td>৭,৫৫৬/-</td></tr>
<tr><td>০২</td><td>১৫/১০/২০২৩-জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে জুলাই, ২০২৩ হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত ২০২৩ ভ্রমন ভাতা প্রদান</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>১৫/১০/২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে জুলাই, ২০২৩ সেপ্টেম্বর,২০২৩ মাসের ভ্রমন ভাতা প্রদান</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>২৩/১০/২০২৩-জনাব মোঃ এনামুল হক, মুকুল হার্ডওয়ার,</td><td>১৫,০০০/-</td></tr>
</table></td><td>১২/১০/২০২৩ হতে ০৮/১১/২০২৩ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মোট টাকা=৩,৩১,১০৪/= (কথায়- তিন লক্ষ একত্রিশ হাজার একশত চার) টাকা ব্যয় অনুমোদন করা হয়।</td><td></td></tr>
</table>

| | | |
|---|---|---|
| | কাহারোল,দিনাজপুরকে বাসাবাড়ী রক্ষনাবেক্ষন ব্যয় বাবদ প্রদান। | |
| ০৫ | ২৯/১০/২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ সহকারী, প্রশাসনিক, কর্মকর্তাকে উপজেলা পরিষদের বিভিন্ন জায়গা পরিস্কার পরিছন্নতার জন্য ব্যয় বাবদ | ২৩,০০০/- |
| ০৬ | ২৯/১০/২০২৩-মেসার্স কাহারোল ফিলিং স্টেশন, রামচন্দ্রপুর, কাহারোল,দিনাজপুরকে সেপ্টেম্বর,২০২৩ মাসের জ্বালানী বিল ব্যয় বাবদ প্রদান | ২৫,৪৪৮/- |
| ০৭ | ৩০/১০/২০২৩-জনাব মোঃ আজাহারুল ইসলাম, উপ সহকারী, প্রশাসনিক, কর্মকর্তাকে উপজেলা পরিষদের বিভিন্ন জায়গা পরিস্কার পরিছন্নতার জন্য ব্যয় বাবদ | ২২,০০০/- |
| ০৮ | ৩০/১০/২০২৩-জনাব মহেন্দ্র নাথ রায়, মেসার্স শংঙ্কর হার্ডওয়ার, টি এন্ড টি রোড, কাহারোল, দিনাজপুরকে বাসা-বাড়ী রক্ষনাবেক্ষন ব্যয় বাবদ প্রদান | ২৫,০০০/- |
| ০৯ | ৩০/১০/২০২৩-জনাব ইনত রায়, জয় ফার্ণিচার, টি এন্ড টি রোড, কাহারোল, দিনাজপুরকে একটি চায়ের টেবিলের বাবদ প্রদান | ১৫,০০০/- |
| ১০ | ০১-১১-২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে অক্টোবর, ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান। | ৪০,০০০/- |
| ১১ | ০১-১১-২০২৩-জনাব মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে অক্টোবর, ২০২৩ মাসের বাড়ী ভাড়া প্রদান। | ৫,০০০/- |
| ১২ | ১-১১-২০২৩-জনাব ঈদয় চন্দ্র রায়, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে অক্টোবর ২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ১৩ | ১-১১-২০২৩-জনাব মৌসুমী আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে অক্টোবর,২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭,০০০/- |
| ১৪ | ১-১১-২০২৩-জনাব মাহফুজ আহমেদ,পরিছন্নকর্মী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে অক্টোবর ২০২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৭,০৫০/- |
| ১৫ | ১-১১-২০২৩-জনাব রমিজ উদ্দীন,মালী, উপজেলা পরিষদ,কাহারোল,দিনাজপুরকে অক্টোবর,২৩ মাসের দৈনিক হাজিরা ভিত্তিক বাবদ চেক প্রদান। | ১৭,০৫০/- |
| ১৬ | ০২-১১-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে অক্টোবর,২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০০০০/- |
| ১৭ | ০২-১১-২০২৩-জনাব ধর্ম নারায়ন অধিকারী,সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিটার অপারেটর,উপজেলা পরিষদ, কাহারোল,দিনাজপুরকে অক্টোবর,২৩ মাসের মনোহারী ব্যয় বাবদ | ৫০০০/- |
| | মোট= | ৩,৩১,১০৪/- |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ-০২ | **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অবকাঠামো নির্মাণঃ**<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংলগ্ন একটি গেস্ট হাউজ নির্মাণ করা হয়েছে কিন্তু এর বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয় নাই। ফলে গেস্ট হাউজটির বাহ্যিক নিরাপত্তার বিষয়টি ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এছাড়া পানি সরবরাহের ব্যবস্থা করা প্রয়োজন। এ সংক্রান্ত প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলে তিনি উপজেলা গেস্ট হাউজের বাউন্ডারি ওয়াল নির্মাণ ও পানির লাইন সরবরাহকরণ বাবদ ১,৯২,৪৭৩/- টাকার প্রাক্কলন দাখিল করেছেন।<br><br>এ প্রেক্ষিতে তিনি জানান জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ" খাত হতে উপজেলা গেস্ট হাউজের বাউন্ডারি ওয়াল নির্মাণ ও পানি সরবরাহ লাইন নির্মাণের জন্য নিম্নবর্ণিত একটি প্রকল্প গ্রহণপূর্বক প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাউন্ডারি ওয়াল নির্মাণ ও পানি সরবরাহ লাইন স্থাপন করা যেতে পারে। | বর্ণিত ৩টি প্রকল্পের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্প ৩টির বাস্তবসম্মত প্রয়োজন রয়েছে বিধায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ" খাত হতে প্রকল্প ৩টি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

**১) প্রকল্পের নামঃ** উপজেলা গেস্ট হাউজের বাউন্ডারি ওয়াল নির্মাণ ও পানি সরবরাহ লাইন স্থাপন প্রকল্প- ১,৯২,৪৭৩/- টাকা

প্রকল্প বাস্তবায়ন কমিটি

| ক্র: নং | বিবরণ | পদবী |
|---|---|---|
| ১ | মোঃ রাসেল, সদস্য, ২নং রসুলপুর ইউ,পি | প্রঃ সভাপতি |
| ২ | মোঃ আবু সাইদ, শিক্ষক | প্রঃ সেক্রেটারী |
| ৩ | মোঃ আবু তাহের, ইমাম | সদস্য |
| ৪ | মোঃ রহমান, আনসার সদস্য | সদস্য |
| ৫ | মোঃ খাইরুল, সমাজসেবক | সদস্য |
| ৬ | মোঃ জাহাঙ্গীর আলম, সমাজসেবক | সদস্য |
| ৭ | মোঃ ফারুক হোসেন, সমাজসেবক | সদস্য |

বর্ণিত প্রকল্পটি অনুমোদনের জন্য তিনি সভায় প্রস্তাব উপস্থাপন করেন।

এছাড়া তিনি আরও জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসার সামনে ১টি অতি পুরাতন জরাজীর্ণ গোলঘর রয়েছে যা ভেঙ্গে তার পরিবর্তে নতুন ১টি দৃষ্টিনন্দন গোলঘর নির্মাণ করা প্রয়োজন।

এ সংক্রান্ত প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলে তিনি (১) উপজেলা নির্বাহী অফিসারের বাসার সামনে গোলঘর নির্মাণ প্রকল্প-১ = ১,৮৪,৯৩৩ টাকা এবং (২) উপজেলা নির্বাহী অফিসারের বাসার সামনে গোলঘর নির্মাণ প্রকল্প-২ = ১,৭৮,০৬২/- টাকার প্রাক্কলন দাখিল করেন।

তিনি জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের "বাসাবাড়ি রক্ষণাবেক্ষণ" খাত হতে বর্ণিত ২টি প্রকল্পের গোলঘর নির্মাণ করা যায়। তিনি এ সংক্রান্ত নিম্নবর্ণিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটি সভায় অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

**২) প্রকল্পের নামঃ** উপজেলা নির্বাহী অফিসারের বাসার সামনে গোলঘর নির্মাণ প্রকল্প-১ = ১,৮৪,৯৩৩ টাকা

প্রকল্প বাস্তবায়ন কমিটি

| ক্র: নং | বিবরণ | পদবী |
|---|---|---|
| ১ | মোঃ তছির উদ্দীন, সদস্য, ৫নং সুন্দরপুর ইউ,পি | প্রঃ সভাপতি |
| ২ | মোঃ বাবলুর রহমান, শিক্ষক | প্রঃ সেক্রেটারী |
| ৩ | মোঃ আতিকুল, ইমাম | সদস্য |
| ৪ | মোঃ জাহিদুল, সমাজসেবক | সদস্য |
| ৫ | মোঃ মাহফুজ, সমাজসেবক | সদস্য |
| ৬ | মোঃ ফারক হোসেন, আনসার সদস্য | সদস্য |
| ৭ | মোঃ মিজানুর রহমান, শিক্ষক | সদস্য |

<table>
<tr>
<td></td>
<td>
৩) প্রকল্পের নামঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসার সামনে গোলঘর নির্মাণ প্রকল্প-২ = ১,৭৮,০৬২/- টাকা<br>
প্রকল্প বাস্তবায়ন কমিটি
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>ক্ষীরত চন্দ্র রায়, সদস্য, ১নং ডাবোর ইউ,পি</td><td>প্রঃ সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>মোঃ তমিজুল ইসলাম, শিক্ষক</td><td>প্রঃ সেক্রেটারী</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ সাদ্দাম হোসেন, সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>মোঃ নবাব, আনসার সদস্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ তুহিন রেজা, ইমাম</td><td>সদস্য</td></tr>
<tr><td>৬</td><td>মোঃ আইনুল সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
<tr><td>৭</td><td>মোঃ ফেরদৌস, সমাজসেবক</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>বিবিধ-৩</td>
<td>
<u>উপজেলা পরিষদের সরকারি বাসাবাড়ী মনিটরিং কমিটি গঠনঃ</u><br>
উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত সরকারী বাসাবাড়ীসমূহের বাসা ভাড়া, বিদ্যুৎ বিল, ভাড়াটিয়াদের তথ্য সহ সার্বিক বিষয় মনিটরিং করা প্রয়োজন।<br>
তিনি নিম্নবর্ণিতভাবে এ সংক্রান্ত ১টি উপজেলা পরিষদের সরকারী বাসাবাড়ী মনিটরিং কমিটি গঠন করেন।<br>
সরকারী বাসাবাড়ী মনিটরিং কমিটি
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর।</td><td>সভাপতি</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ মাজহারুল ইসলাম, উপসহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table>
তিনি গঠিত কমিটিকে উপজেলা পরিষদের বাসাবাড়ীসমূহের বাসা ভাড়া, বিদ্যুৎ বিল, ভাড়াটিয়াদের তথ্য সহ সার্বিক বিষয় মনিটরিংপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করেন।
</td>
<td>বিস্তারিত আলোচনায় গঠিত কমিটিকে বর্ণিত বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয়।</td>
<td>সংশ্লিষ্ট কমিটি</td>
</tr>
<tr>
<td>বিবিধ-৪</td>
<td>
<u>ক্লোজ সার্কিট ক্যামেরা (CC Camera) ক্রয়, স্থাপন ও রক্ষণাবেক্ষণ (সংশোধনী):</u><br>
উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের সাধারণ সভার বিবিধ-০৫ মোতাবেক উপজেলা পরিষদ চত্বরের সার্বিক নিরাপত্তার জন্য ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে ক্লোজ সার্কিট ক্যামেরা (CC Camera) ক্রয়, স্থাপন ও রক্ষনাবেক্ষণের বিষয়টি প্রকল্প বাস্তবায়ন কমিটির (PIC) মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
</td>
<td>সভায় ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় ও স্থাপনের সংশোধনী বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় উপস্থাপিত সংশোধনী সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।</td>
<td>১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>বর্ণিত সিদ্ধান্তটি আংশিক সংশোধনপূর্বক বর্ণিত ক্লোজ সার্কিট ক্যামেরা বিধি মোতাবেক দরপত্রের (RFQ) মাধ্যমে ক্রয় ও স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠণ করা হয় এবং তা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>
দরপত্র কমিটি
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা সমাজসেবা অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>মোঃ আব্দুস সালাম, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>বিবিধ-৫</td>
<td><u>ফগার মেশিন ক্রয়ঃ</u> উপজেলা নির্বাহী নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের আগস্ট/২০২৩ মাসের সাধারণ সভার বিবিধ-০৪ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা ব্যয়ে প্রকল্প কমিটির মাধ্যমে ১টি উন্নতমানের ফগার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>
বর্ণিত সিদ্ধান্তটি আংশিক সংশোধন করে ২০২৩-২৪ অর্থ বছরের উপজেলা পরিষদের বাজেটের রাজস্ব তহবিলের উন্নয়ন হিসাব ব্যয় এর জনস্বাস্থ্য খাত হতে বিধি মোতাবেক বর্ণিত ব্যয়ের প্রস্তাব উপস্থাপন করা হয়।<br><br>
প্রকল্প বাস্তবায়ন কমিটি
<table>
<tr><th>ক্র: নং</th><th>বিবরণ</th><th>পদবী</th></tr>
<tr><td>১</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২</td><td>উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য সচিব</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা সমবায় অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাহারোল, দিনাজপুর।</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটের রাজস্ব তহবিলের উন্নয়ন হিসাব ব্যয় এর জনস্বাস্থ্য খাত হতে উপজেলা পরিষদ ক্যাম্পাসের মশা নিধনের জন্য বর্ণিত সংশোধনী প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।</td>
<td>১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.০৬.০৩২.২৩-১০৭৭ তারিখ: ২৭ কার্তিক, ১৪৩০ / ১২ নভেম্বর,২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।

২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৬। জেলা প্রশাসক, দিনাজপুর।

৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।

১১। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।

১২। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।

১৩। জনাব ..............................................................................................

১৪। অফিস কপি।


মোঃ আমিনুল ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার

কাহারোল, দিনাজপুর।

ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫

মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭

ই-মেইল: unokaharole@mopa.gov.bd